



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৭ম তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

ফোন:  
৮১৮০১৪৪  
ফ্যাক্স:  
৮১৮৯০২৯


স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৪.১৪ - ২৫২৯

তারিখ: ১২/২/২০১৫ খ্রিঃ।

বিষয়: কৈফিয়ত তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্ন স্বাক্ষরকারী মোবাইলে আপনার অবস্থান জানতে চাইলে আপনি কর্মস্থল অর্থাৎ মনপুরা, ভোলাতে অবস্থান করছেন মর্মে অবহিত করেন। একই সময়ে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মনপুরাকে আপনার অবস্থানের বিষয়ে জিজ্ঞাসা করা হলে আপনি বরিশাল সদরে অবস্থান করছেন মর্মে তিনি নিশ্চিত করেন। সে ক্ষেত্রে কর্মস্থলে আপনার অবস্থানের বিষয়টি মিথ্যা, বিভ্রান্তিকর এবং প্রতারনার শামিল। প্রকল্প হতে প্রদত্ত বাংলালিংক কপেরিট সীম সার্বক্ষনিক ব্যবহার করার নির্দেশনা থাকলেও প্রকল্প অফিস থেকে বারবার তাগাদা দেওয়া সত্ত্বেও আপনি ইচ্ছাকৃতভাবে সীম ব্যবহার না করে বিভিন্ন অজুহাত প্রদর্শন করছেন। বিষয়টি উর্দ্ধতন কর্তৃপক্ষের প্রতি চরম ধৃষ্টতা এবং কর্তব্য অবহেলার পরিচয় বহন করে। বর্ণিত বিষয়ে প্রতীয়মান হয় মাঠ পর্যায়ে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নে আপনি উপযুক্ত নন।

এমতাবস্থায়, উক্ত অনিয়মের কারণে কেন আপনাকে প্রকল্পের চাকুরী হতে অব্যাহতি প্রদান করা হবে না, তার জবাব আগামী ০৩ কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিলের জন্য বলা হলো।

  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।  
ফোন নং-০২-৮১৮০১৪৪

সুখেন্দু এদবর  
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা,  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। উপজেলা উন্নয়ন কর্মকর্তা, মনপুরা, ভোলা।
- ০২। উপপরিচালক, বিআরডিবি, ভোলা।
- ০৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ০৪। অফিস কপি।